

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪২

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الفصل الثالث

আরবী

عَنِ الْمُقَدَّادِ بْنِ الْأَسْوَدِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَقُولُ لَا يَبْقَى عَلَى ظَهْرِ الْأَرْضِ بَيْتٌ مَدْرٍ وَلَا وَيْرٍ إِلَّا أَدْخَلَهُ اللَّهُ كَلِمَةَ الْإِسْلَامِ بَعزَ عَزِيزٍ أَوْ ذَلْ ذَلِيلٍ إِمَّا يَعْزِمُهُمُ اللَّهُ عِزًّا وَجَلَّ فَيَجْعَلُهُمْ مِنْ أَهْلِهَا أَوْ يُذِلُّهُمْ فَيَدِينُونَ لَهَا رَوَاهُ أَحْمَدُ

বাংলা

৪২-[৪১] মিকদাদ [ইবনু আস্ওয়াদ] (রাঃ) হতে বর্ণিত। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেন, এ জমিনের উপর এমন কোন মাটির অথবা পশমের ঘর (তাঁবু) বাকী থাকবে না, যে ঘরে আল্লাহ রব্বুল 'আলামীন ইসলামের বাণী পৌঁছিয়ে দিবেন না। সম্মানীর ঘরে সম্মানের সাথে আর লাঞ্ছিতের ঘরে লাঞ্ছনার সাথে তা পৌঁছাবেন। আল্লাহ তা'আলা যাদেরকে সম্মানিত করবেন তাদেরকে স্বেচ্ছায় ইসলাম কবুলের উপযুক্ত করে মর্যাদাবান ও গৌরবময় করে দিবেন। পক্ষান্তরে যারা ইসলাম গ্রহণ করবে না, তাদের আল্লাহ তা'আলা লাঞ্ছিত করবেন এবং তারা এ কালিমার প্রতি অনুগত হবার জন্য বাধ্য হবে। আমি (মিকদাদ) বললাম, তখন তো সমগ্র বিশ্বে আল্লাহরই দীন (প্রতিষ্ঠিত) হয়ে যাবে। (অর্থাৎ- সকল দীনের উপরই ইসলাম বিজয়ী হবে)। (আহমাদ)[1]

English

Chapter - Section 3

Miqdad reported that he heard God's messenger say, "There will not remain on the face of the earth a mud-brick house or a camel's hair tent which God will not cause the confession of Islam to enter bringing both mighty honour and abject abasement. God will either honour the occupants and put them among its adherents, or will humiliate them and they will be subject to it." Miqdad said, "God will then receive complete obedience."

Ahmad transmitted it.

ফুটনোট

[1] সহীহ: আহমাদ ২৩৩০২।

ইমাম আহমাদ (রহঃ) হাদীসটি সহীহ সানাদে বর্ণনা করেছেন। এ হাদীসটি অন্যরাও বর্ণনা করেছেন যাদের নাম আমি (আলবানী) আমার লিখিত গ্রন্থ **تَحْذِيرُ السَّاجِدِ مِنْ إِتْخَاذِ الْقُبُورِ الْمَسْجِدِ** এ উল্লেখ করেছি। ইমাম বুখারী এ হাদীসটি মু'আল্লিক (সানাদবিহীন) সূত্রে তথা সানাদ ছাড়াই বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লাহ তা'আলা প্রতিটি ঘরে ইসলামের কালিমাহ্ প্রবেশ করাবেন। হয়ত ঘরের মালিক ইসলামের বিরুদ্ধে প্রতিরোধ যুদ্ধে অংশ না নিয়ে এ কালিমাহ্ গ্রহণ করে সম্মানিত হবেন অথবা প্রতিরোধ যুদ্ধে অংশ নিয়ে বন্দি হয়ে দাসত্ব বরণ করে লাঞ্চিত হবে। অতঃপর ইচ্ছায় বা অনিচ্ছায় এর আনুগত্য করবে। অথবা জিয'ইয়াহ্ প্রদানের মাধ্যমে তার বশ্যতা স্বীকার করবে। মিকদাদ বলেনঃ আমি বললাম তাহলে দীন একমাত্র আল্লাহর হয়ে যাবে। অর্থাৎ- বিষয় যদি এ রকমই হয় তাহলে তো আল্লাহর দীনেরই বিজয় ঘটবে। বলা হয়ে থাকে যে, এটা তখন ঘটবে যখন 'ঈসা (আঃ) আকাশ থেকে অবতরণ করবেন। অতঃপর তিনি দাজ্জালকে হত্যা করবেন। পৃথিবীতে তখন কাফিরদের কোন আস্তানা থাকবে না। বরং সবাই ইসলামের পতাকা তলে সমবেত হবে। হয়তবা তারা স্বেচ্ছায় আগ্রহভরে গ্রহণ করবে। নতুবা অনিচ্ছা সত্ত্বেও বাধ্য হয়ে করবে। তখন শুধুমাত্র আল্লাহর বিধান জারী থাকবে। এর সমর্থনে মুসনাদ আহমাদে আবু হুরায়রাহ্ (রাঃ) থেকে হাদীস বর্ণিত আছে, তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তার ('ঈসা (আঃ) এর) যুগে সকল ধর্ম বিলীন হয়ে যাবে। একমাত্র ইসলাম ধর্ম টিকে থাকবে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মিকদাদ ইবন আসওয়াদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54600>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন